

### শিক্ষকদের দাবী বাস্তবায়নে এক্যাবদ্ধ হওয়ার আহ্বান

রাজশাহী অফিস ॥ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক-কর্মচারীর উপর জরুরি নির্ধারিত বৃদ্ধির আশ্রয় জানিয়েছেন বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব কাজী ফারুক আহমেদ। গত শুক্রবার স্থানীয় জেলা পরিষদ মিলনায়তনে বিভাগীয় শিক্ষক সমাবেশ ও বাকশিস, রাজশাহী জেলা শাখার সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বলেন, শিক্ষা ব্যবস্থা ও পরীক্ষা পদ্ধতির পরিবর্তনের মধ্য দিয়ে নতুন প্রতিরোধ গড়বে। নতনের জন্য অথবা শিক্ষকদের দাবী করা চলবে না। কাজী ফারুক বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বেসরকারী শিক্ষকদের জাতীয় স্কেলের অন্তর্ভুক্ত করেন বর্তমানে তাঁর আদর্শে, বিশ্বাসীরা কমতায় আদীন। তাদের হারা শিক্ষকদের মর্যাদা হানিকর কোন কাজ মেনে নেয়া যায় না। তিনি শিক্ষকদের ২১ দফা বাস্তবায়নে আন্দোলন সংগ্রামে এক্যাবদ্ধ হওয়ার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

সম্মেলনে বেসরকারী শিক্ষক কর্মচারীদের ১০ ভাগ মর্হাৰ্ভ ভাতা, ১০ ভাগ বেতন বৃদ্ধি, নতুন স্কেলে মিকিৎসা ভাতা ও ইনক্রিমেন্ট বৃদ্ধিসহ শিক্ষক নির্ধারিত বৃদ্ধির দাবী জানানো হয়।